দৈনিক ইনকিলাব

তারিখ 04 DEC 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ১ ...

১১৩

৩৮

**প্রধানমন্ত্রীর আহবানে রাজনৈতিক নেতৃবৃন্দের বৈঠকে ৮ দফা সর্বসম্মত প্রস্তাব**

# সন্ত্রাসীদের আশ্রয়-প্রশ্রয় না দেয়ার জোরালো অঙ্গীকার

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার আহবানে শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার উদ্দেশ্যে গতকাল ঢাকায় আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দেশের প্রধান প্রধান রাজনৈতিক দলগুলোর এক বৈঠকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে সুষ্ঠু পরিবেশ বজায় রাখা ও সন্ত্রাসমুক্ত রাখার সর্বসম্মত ৮-দফা প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবের মধ্যে অস্ত্রধারী ও সন্ত্রাসীদের বিরুদ্ধে আইন অনুযায়ী যে কোন ব্যবস্থা গ্রহণে সরকারের সকল পদক্ষেপকে সকল দল পূর্ণ সমর্থনের অঙ্গীকার করে এবং তাদেরকে কোনরকম আশ্রয়-প্রশ্রয়দান ও তদারকি না করার জোরালো অঙ্গীকারও ব্যক্ত করে। প্রধানমন্ত্রীর আহবানে আয়োজিত এই বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ যোগদান করেন। খবর বিটিভি'র। আলোচনার উদ্বোধন করে বেগম জিয়া ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতিতে তার উদ্বেগ প্রকাশ করে বলেন, বিষয়টি দেখার জন্য একটি সংসদীয় কমিটি গঠন করা হয়েছে। তিনি বলেন, এর আগেও তিনি বিষয়টি নিয়ে বিভিন্ন রাজনৈতিক দল, শিক্ষকবৃন্দ ও অভিভাবকদের সাথে বৈঠক করেছেন। বর্তমান বৈঠক সংসদীয় কমিটির কোন বিকল্প নয় একথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন,